

## 22389 - চাশতের নামাযের ওয়াক্ত

### প্রশ্ন

‘ইশরাকের নামায’ ও ‘চাশতের নামায’-এর উপযুক্ত সময় কোনটি?

### প্রিয় উত্তর

#### বিষয়সূচী

- ইশরাকের নামায ও চাশতের নামাযের মধ্যে পার্থক্য:
- চাশতের নামাযের ওয়াক্ত কখন শুরু হয়?
- চাশতের নামাযের উত্তম ওয়াক্ত:

#### ইশরাকের নামায ও চাশতের নামাযের মধ্যে পার্থক্য:

প্রথম ওয়াক্তে আদায়কৃত চাশতের নামাযই ইশরাকের নামায। এ দুটো আলাদা কোন নামায নয়। একে ইশরাকের (সূর্যোদয়ের) নামায বলা হয় যেহেতু সূর্যোদয় ও সূর্য উর্ধ্ব ওঠার পর সেটি আদায় করা হয়।

শাইখ বিন বায (রহঃ) বলেন: প্রথম ওয়াক্তে আদায়কৃত চাশতের নামাযই ইশরাকের নামায। [মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (১১/৪০১)]

#### চাশতের নামাযের ওয়াক্ত কখন শুরু হয়?

চাশতের নামাযের ওয়াক্ত সূর্যোদয় ও সূর্য উর্ধ্ব ওঠা থেকে যোহরের ওয়াক্তের পূর্ব পর্যন্ত।

শাইখ উছাইমীন (রহঃ) এটাকে নির্ধারণ করেছেন যে, সূর্যোদয়ের ১৫ মিনিট পর থেকে যোহরের ওয়াক্তের ১০ মিনিট পূর্ব পর্যন্ত। [আল-শারহুল মুমতি (৪/১২২)]

এ পুরাত্নকু সময় চাশতের নামাযের ওয়াক্ত।

#### চাশতের নামাযের উত্তম ওয়াক্ত:

এই নামাযের সর্বোত্তম ওয়াক্ত হচ্ছে সূর্যের তাপ তীব্র হওয়ার পর। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

« صلاة الأوابين حين ترمض الفصال » رواه مسلم (748)

(আউয়াবীনের নামায হচ্ছে যখন উটের বাছুর রোদে দাহ হয়)।[সহিহ মুসলিম (৭৪৮)]

হাদিসে الفصال অর্থ: উষ্ট্রীর বাছুর। ترمض অর্থ বাছুরগুলোর ওপর الرمضاء তীব্র হওয়া। الرمضاء হলো: রোদের তীব্রতা।[ফাতাওয়া বিন বায (১১/৩৯৫)]

এই সময়টিকে আলেমরা নির্ধারণ করেছেন দিবসের এক চতুর্থাংশ অতিবাহিত হওয়ার দ্বারা। তথা সূর্যোদয় ও যোহরের ওয়াক্তের মাঝখানে অর্ধেক সময় অতিবাহিত হওয়ার দ্বারা।[দেখুন: নববীর ‘আল-মাজমু’ (৪/৩৬) ও ‘আল-মাওসুআ আল-কুয়েতিয়া’ (২৭/২২৪)]

আল্লাহই সর্বজ্ঞ।